দৈনিক বাংলা

তারিখ ২৯/৪/৭২

পৃষ্ঠা ... কলাম ...

০৫০

# কলেজ শিক্ষক ধর্মঘট স্থগিত

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ ঘোষণা করেছেন যে শনিবার ১৮ই এপ্রিল থেকে তাদের যে ধর্মঘট শুরু হবার কথা ছিল তা আগামী ৩০শে মে পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।

বাসসর খবরে বলা হয়, শুক্রবার রাত আড়াইটায় প্রকাশিত পরিষদের এক প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়, পরিষদের প্রতিনিধিবৃন্দ এবং শিক্ষা প্রতিমন্ত্রীর মধ্যে আলোচনার পর এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এতে বলা হয়, প্রতিমন্ত্রী পরিষদের ১৪ দফা দাবী ধৈর্যসহকারে শুনেছেন এবং সেগুলো যথাযথ ও সহানুভূতির সঙ্গে বিবেচনা করার আশ্বাস দিয়েছেন।

পরিষদ শিক্ষকদেরকে পুনরায় বিজ্ঞপ্তি না দেয়া পর্যন্ত যথারীতি কাজে যোগদানের অনুরোধ করেছেন।

শিক্ষক পরিষদের সভাপতি জনাব এম ইউ ভূঁইয়া, সহ-সভাপতি জনাব নজিবুল হক আনসারী সাধারণ সম্পাদক জনাব আলী আকবর খান এবং কোষাধ্যক্ষ জনাব মোহম্মদ ইউসুফ শিক্ষা প্রতিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন।